# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় অধিভুক্ত গার্হস্থ্য অর্থনীতি সিটি কর্পোরেশন কলেজ, চট্টগ্রাম-এর

## ১ম বর্ষ বিএসসি (সম্মান) কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

### শিক্ষাবর্ষ: ২০২৫-২০২৬

গার্হস্থ্য অর্থনীতি সিটি কর্পোরেশন কলেজ, চট্টগ্রাম-এর ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ৪(চার) বছর মেয়াদী ১ম বর্ষ বিএসসি (সম্মান) কোর্সে ভর্তির জন্য নিম্নোক্ত বিষয়ে যোগ্যতাসম্পন্ন ভর্তিচ্ছু ছাত্রীদের কাছ থেকে শূন্য আসনে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

| শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | বিষয়ের নাম |
|---|---|
| গার্হস্থ্য অর্থনীতি সিটি কর্পোরেশন কলেজ<br>উত্তর হালিশহর হাউজিং এস্টেট, চট্টগ্রাম-৪২১৬।<br>ফোন: ০১৮১৬-৪৪৮৩৯২, ০১৬১১-২৩১৯৩৫, ০১৬২৪-৫৪২৬৩২<br>ওয়েবসাইট : www.heccc.edu.bd | বিএসসি (সম্মান) ইন খাদ্য ও পুষ্টি |

১. আবেদন ফরম অধ্যক্ষের কার্যালয় থেকে সংগ্রহ করতে হবে অথবা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট (www.cu.ac.bd) থেকে ডাউনলোড করা যাবে। অগ্রণী ব্যাংক পিএলসি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখার অনুকূলে ও ডিন, সমাজবিজ্ঞান অনুষদ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় বরাবর অগ্রণী ব্যাংক এর যেকোনো শাখা থেকে ৭০০/- (সাতশত) টাকার পে-অর্ডার ও প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদনপত্র সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে **১১ মে থেকে ৩০ জুন ২০২৬** খ্রিস্টাব্দের মধ্যে অফিস সময়ে জমা দিয়ে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।

২. **ভর্তির যোগ্যতা :** যে সকল ছাত্রী বাংলাদেশের যেকোনো শিক্ষা বোর্ডের অধীনে ২০২১ থেকে ২০২৩ সালের মধ্যে বিজ্ঞান/গার্হস্থ্য বিজ্ঞান গ্রুপে মাধ্যমিক বা সমমান পরীক্ষা ও ২০২৪ বা ২০২৫ সালের উচ্চ মাধ্যমিক বা সমমান অথবা ২০১৯ থেকে ২০২১ সালের মধ্যে মাধ্যমিক বা সমমান পরীক্ষা ও ২০২৪ বা ২০২৫ সালের ৪(চার) বছর মেয়াদী ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে এবং যাদের নিম্নে বর্ণিত যোগ্যতা আছে; তারা ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবে। (গার্হস্থ্য বিজ্ঞান গ্রুপ থেকে উত্তীর্ণদের অগ্রাধিকার দেয়া হবে)

উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় বিজ্ঞান/গার্হস্থ্য বিজ্ঞান গ্রুপ ও ৪ বছর মেয়াদী ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং-এ উত্তীর্ণ ছাত্রীরা বিএসসি (সম্মান) কোর্সে **'খাদ্য ও পুষ্টি'** বিষয়ে আবেদন করতে পারবে।

বিজ্ঞান/গার্হস্থ্য বিজ্ঞান গ্রুপে উত্তীর্ণদের ক্ষেত্রে মাধ্যমিক বা সমমান পরীক্ষা এবং উচ্চ মাধ্যমিক বা সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ৫.৫০ তবে উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম ২.৫০ থাকতে হবে।

**অথবা**

৪ বছর মেয়াদী ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং কোর্সে উত্তীর্ণদের ক্ষেত্রে মাধ্যমিক বা সমমান এবং ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৫.০০ থাকতে হবে; তবে মাধ্যমিক বা সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.৫০ এবং ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.২৫ (স্কেল ৪.০০ এর মধ্যে) পেতে হবে।

৩. **ভর্তি পরীক্ষার মানবন্টন :** ভর্তি পরীক্ষায় লিখিত পরীক্ষার মান ৪০ নম্বর এবং পাশ নম্বর ১৬। ভর্তি পরীক্ষায় আবেদনকারী সকল ছাত্রীর বাংলা ও ইংরেজি প্রতি বিষয়ে ৫ নম্বর এবং সাধারণ জ্ঞান বিষয়ে ১০ নম্বরের উত্তর দিতে হবে। বিজ্ঞান গ্রুপ বা ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং কোর্সে উত্তীর্ণ ছাত্রীদের রসায়ন ও জীববিজ্ঞান প্রতি বিষয়ে ১০ নম্বরের উত্তর দিতে হবে। গার্হস্থ্য বিজ্ঞান গ্রুপে উত্তীর্ণ ছাত্রীদের শিশু বিকাশ ও গৃহ ব্যবস্থাপনা প্রতি বিষয়ে ১০ নম্বরের উত্তর দিতে হবে। লিখিত পরীক্ষায় ১৬ বা তদুর্ধ নম্বর প্রাপ্তদের প্রাপ্ত নম্বরের সাথে মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় চতুর্থ বিষয়সহ প্রাপ্ত জিপিএ সর্বোচ্চ (৫+৫)= ১০ (দশ) নম্বর [ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় উত্তীর্ণদের ক্ষেত্রে আনুপাতিক হারে সংশ্লিষ্ট শিক্ষার্থীর প্রাপ্ত জিপিএ] যোগ করে সর্বমোট ৫০ নম্বরে ফলাফল চূড়ান্ত করে উত্তীর্ণ তালিকা তৈরী করা হবে। উক্ত তালিকা থেকে মোট আসন সংখ্যা অনুযায়ী নির্বাচিত মেধা তালিকা ও অপেক্ষমান তালিকা মেধাক্রমানুসারে প্রস্তুত করে ফলাফল প্রকাশ করা হবে।

৪. আবেদন ফরমের সাথে তিন কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি সংযুক্তপূর্বক মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার ট্রান্সক্রিপ্টের সত্যায়িত কপি জমা দিতে হবে।

৫. এমসিকিউ পদ্ধতিতে পরীক্ষা নেয়া হবে এবং পরীক্ষার সময়কাল ৩০ মিনিট।

৬. **ভর্তি পরীক্ষার সময়সূচি :**

| ভর্তি পরীক্ষার তারিখ | **০৪ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ** |
|---|---|
| ভর্তি পরীক্ষার স্থান | গার্হস্থ্য অর্থনীতি সিটি কর্পোরেশন কলেজ<br>উত্তর হালিশহর হাউজিং এস্টেট, চট্টগ্রাম। |
| ভর্তি পরীক্ষার সময় | দুপুর ১২:০০টা থেকে ১২:৩০টা পর্যন্ত |

**বি:দ্র: কলেজ ক্যাম্পাসে কর্তৃপক্ষের ব্যবস্থাপনায় স্বল্প খরচে হোস্টেল সুবিধা রয়েছে।**

হেল্প লাইন: ০১৮১৬-৪৪৮৩৯২/০১৬১১-২৩১৯৩৫/০১৬২৪-৫৪২৬৩২ (সকাল ৯:০০ টা থেকে বিকাল ৫:০০টা পর্যন্ত)

বিস্তারিত তথ্যাদি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে (www.cu.ac.bd) পাওয়া যাবে।

৭-৫-২৬

(এস. এম. আকবর হোছাইন)
ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)
রেজিস্ট্রার দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
ও
সদস্য-সচিব
অধিভুক্ত (মেডিকেল ও ডেন্টাল কলেজ ব্যতীত)
কলেজ/ইনস্টিটিউটসমূহে ভর্তি কমিটি

Sadar/

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় অধিভুক্ত গার্হস্থ্য অর্থনীতি সিটি কর্পোরেশন কলেজ, চট্টগ্রাম-এর
## ১ম বর্ষ বিএসসি (সম্মান) কোর্সে ভর্তি পরীক্ষার আবেদন ফরম

ক্রমিক নং: [ ]

শিক্ষাবর্ষ: ২০২৫-২০২৬

আবেদনকারীর পাসপোর্ট সাইজের ১ কপি রঙিন ছবি আঠা দিয়ে লাগিয়ে উপরে সত্যায়িত করতে হবে।

১. আবেদনকারীর নাম : (বাংলায়) ------------------------------------------------
(মাধ্যমিক/সমমান পরীক্ষার সার্টিফিকেট অনুসারে)
(বড় হাতের অক্ষরে) : (ইংরেজিতে) ------------------------------------------------

২. পিতার নাম : ------------------------------------------------

৩. মাতার নাম : ------------------------------------------------

৪. জন্ম তারিখ : ------------------------------------------------

৫. বর্তমান ঠিকানা : ------------------------------------------------

------------------------------------------------

৬. স্থায়ী ঠিকানা : ------------------------------------------------

------------------------------------------------

৭. শিক্ষাগত যোগ্যতা :

| উত্তীর্ণ পরীক্ষার বিবরণ (গ্রুপ উল্লেখ করতে হবে) | বিদ্যালয়/কলেজ/ইনস্টিটিউটের নাম | অধ্যয়নের খ্রিস্টাব্দ ......... হতে ......... খ্রিস্টাব্দ পর্যন্ত | পাশের বছর | প্রাপ্ত জিপিএ/সিজিপিএ |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |

৮. বিষয় : খাদ্য ও পুষ্টি

৯. মোবাইল নম্বর : ------------------------------------------------

১০. পিতা/মাতা/অভিভাবকের মোবাইল নম্বর: ------------------------------------------------

তারিখ --------------------

--------------------
আবেদনকারীর স্বাক্ষর

✂.................................................................................................


## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় অধিভুক্ত গার্হস্থ্য অর্থনীতি সিটি কর্পোরেশন কলেজ, চট্টগ্রাম-এর
## ১ম বর্ষ বিএসসি (সম্মান) কোর্সে ভর্তি পরীক্ষার আবেদন ফরম

ক্রমিক নং: [ ]

শিক্ষাবর্ষ: ২০২৫-২০২৬


### প্রবেশপত্র

আবেদনকারীর পাসপোর্ট সাইজের ১ কপি রঙিন ছবি আঠা দিয়ে লাগিয়ে উপরে সত্যায়িত করতে হবে।

লিখিত পরীক্ষা : দুপুর ১২:০০টা থেকে, স্থান : গার্হস্থ্য অর্থনীতি সিটি কর্পোরেশন কলেজ, উত্তর হালিশহর হাউজিং এস্টেট, চট্টগ্রাম

নাম : ------------------------------------------------

পিতার নাম : ------------------------------------------------

মাতার নাম : ------------------------------------------------

ভর্তি পরীক্ষার রোল নং : ------------------------------ ভর্তি পরীক্ষার তারিখ : ০৪ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

৭/৫/২৬

--------------------
স্বাক্ষর
ডিন, সমাজবিজ্ঞান অনুষদ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
ও
আহ্বায়ক, ভর্তি কমিটি

Sadar/